

## 💵 রূহ সম্পর্কিত সংক্ষিপ্ত মাসআলাসমূহ

বিভাগ/অধ্যায়ঃ রূহ সম্পর্কে বিভিন্ন গুরুত্বপূর্ণ মাস'আলা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

দ্বিতীয় মাসআলা: মৃত ব্যক্তিদের রূহ কি পরম্পর মিলিত হয়, পরম্পর সাক্ষাৎ করে ও কথাবার্তা বলে?

## জবাব: রূহ দু'প্রকার:

- ১- 'আযাবপ্রাপ্ত রূহ আল্লাহর কাছে পানাহ চাচ্ছি- এ ধরণের রূহ শাস্তি ভোগের কারণে ব্যস্ত থাকবে বলে পরস্পর দেখা সাক্ষাৎ ও মিলিত হওয়া থেকে বিরত থাকবে।
- ২- নি'আমতপ্রাপ্ত রহ। এসব রহ বিচরণকারী হবে, এরা আবদ্ধ থাকবে না। তারা পরস্পর মিলিত হয়ে দুনিয়া ও দুনিয়ায় বসবাসকারীদের ব্যাপারে কথাবার্তা বলবেন এবং নিজেরা নিজেদের পরিচিতদের সাথে দেখা সাক্ষাৎ করবেন। প্রত্যেক রহ তার আমল অনুযায়ী তার পরিচিত বন্ধুর সাথে থাকবেন। আমাদের নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সর্বোচ্চ বন্ধুর সাথে থাকবেন। আল্লাহ তা'আলা বলেছেন,

﴿ وَمَن يُطِعِ ٱللَّهَ وَٱلرَّسُولَ فَأُوْلَٰئِكَ مَعَ ٱلَّذِينَ أَناعَمَ ٱللَّهُ عَلَياهِم مِّنَ ٱلنَّبِيِّانَ وَٱلصِّدِّيقِينَ وَٱلشُّهَدَآءِ وَٱلصِّلِحِينَ اَوَصُرُ وَمَن يُطِعِ ٱللَّهَ وَٱلصِّلِحِينَ اللَّهُ عَلَياهِم مِّنَ ٱلنَّبِيِّانَ وَٱلصِّلِحِينَ اللَّهُ عَلَياهِم مِّنَ ٱلنَّبِيِّانَ وَٱلصِّلِحِينَ وَٱلسُّهَدَآءِ وَٱلصِّلِحِينَ اللَّهُ وَصَسُنَ أُوْلَئِكَ رَفِيقًا ٢٩ ﴾ [النساء: ٦٩]

"আর যারা আল্লাহ ও রাসূলের আনুগত্য করে তারা তাদের সাথে থাকবে, আল্লাহ যাদের উপর অনুগ্রহ করেছেন নবী, সিদ্দীক, শহীদ ও সৎকর্মশীলদের মধ্য থেকে। আর সাথী হিসেবে তারা হবে অনেক উত্তম।" [সূরা আন-নিসা, আয়াত: ৬৯]

দুনিয়ায়, বারযাখে ও জান্নাতে এভাবে একত্রে থাকা সাব্যস্ত আছে। আল্লাহ তা'আলা বলেছেন,

﴿ يَأْيَّتُهَا ٱلنَّفْاسُ ٱلاَمُطاهَمَئِنَّةُ ٢٧ ٱلاَجِعِيٓ إِلَىٰ رَبِّكِ رَاضِيَةٌ مَّراضِيَةٌ مَّراضِيَةٌ مَ جَنَّتِي٣٠﴾ [الفجر: ٢٧، ٣١]

"হে প্রশান্ত আত্মা! তুমি ফিরে এসো তোমার রবের প্রতি সম্ভুষ্টচিত্তে, সন্তোষভাজন হয়ে। অতঃপর আমার বান্দাদের মধ্যে শামিল হয়ে যাও। আর প্রবেশ করো আমার জান্নাতে।" [সূরা আল-ফাজর, আয়াত: ২৭-৩১] অর্থাৎ তাদের সাথে শামিল হও এবং তাদের সাথে থাকো। আর এ কথা মৃত্যুর সময় আত্মাকে বলা হবে। আল্লাহ তা'আলা শহীদদের সম্পর্কে বলেছেন,

"তারা তাদের রবের নিকট জীবিত। তাদেরকে রিযিক দেওয়া হয়।" [সূরা আলে ইমরান, আয়াত: ১৬৯] আল্লাহ তা'আলা শহীদদের সম্পর্কে আরও বলেছেন,

"আর তারা উৎফুল্ল হয়, পরবর্তীদের থেকে যারা এখনো তাদের সাথে মিলিত হয় নি তাদের বিষয়ে।" [সূরা আলে



ইমরান, আয়াত: ১৭০]

আল্লাহ তা'আলা শহীদদের সম্পর্কে আরও বলেছেন,

﴿يَسِاتَبَا شِرُونَ بِنِعامَةٍ مِّنَ ٱللَّهِ وَفَضال ١٧١ ﴾ [ال عمران: ١٦٩، ١٧١]

"তারা আল্লাহর পক্ষ থেকে নি'আমত ও অনুগ্রহ লাভ করে খুশি হয়।" [সূরা আলে ইমরান, আয়াত: ১৭১] এ আয়াতসমূহ দ্বারা তাদের পরস্পর মিলিত হওয়া তিনভাবে প্রমাণিত হয়:

- ১- তারা (শহীদগণ) জীবিত। আর জীবিতরা পরস্পর পরস্পরের সাথে মিলিত হয়, দেখা সাক্ষাৎ করে।
- ২- তারা তাদের পরবর্তীতে আগমনকারী ভাইদের আগমন ও তাদের সাথে দেখা হওয়ার ব্যাপারে আনন্দিত ও উৎফুল্ল।
- ৩- ایَس اَتَبایَشرُونَ ﴿ শব্দ প্রমাণ করে যে, তারা পরস্পর পরস্পরে সুসংবাদ দেয় ও খুশি হয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5816

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন